# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৮৭]

পর্ব-১৪: জুমু'আহ্ (إِيجَابُ الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ১৩: জুমু'আয় সকাল সকাল যাওয়া

## بَابُ التَّبْكِيرِ إِلَى الْجُمُعَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنَا الزُّهْرِيُّ، عَنْ سَعِيدٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا كَانَ يَوْمُ الْجُمُعَةِ كَانَ عَلَى كُلِّ بَابٍ مِنْ أَبْوَابِ الْمَسْجِدِ مَلَائِكَةٌ يَكْتُبُونَ النَّاسَ عَلَى مَنَازِلِهِمُ الْأَوَّلَ فَالْأَوَّلَ، فَإِذَا خَرَجَ الْإِمَامُ طُوِيَتِ الصُّحُفُ وَاسْتَمَعُوا الْخُطْبَةَ، فَالْمُهَجِّرُ إِلَى الصَّلَاةِ كَالْمُهْدِي بَدَنَةً، ثُمَّ الَّذِي يَلِيهِ كَالْمُهْدِي بَقَرَةً، ثُمَّ الَّذِي يَلِيهِ كَالْمُهْدِي كَبْشًا حَتَّى ذَكَرَ الدَّجَاجَةَ وَالْبَيْضَةَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الجمعة ٧ (٨٥٠)، سنن ابن ماجہ/الإقامة ٨٢ (١٠٩٢)، (تحفة الأشراف: ١٣١٣٨)، مسند احمد ٢/٢٣٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1387 - صحيح

বাংলা

১৩৮৬. মুহাম্মাদ ইবনু মানসূর (রহ.) ..... আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি অত্র হাদীসকে সনদ সূত্রে রসূলুল্লাহ (সা.) এ পর্যন্ত পৌছিয়েছেন। নবী (সা.) বলেন যে, জুমু'আর দিনে মসজিদের দরজাসমূহের প্রত্যেক দরজায় মালায়িকা বসে থাকেন। তারা মর্যাদা অনুসারে আগমনকারীদের নাম লিখতে থাকেন। প্রথম আগমনকারীর নাম প্রথমে, অতঃপর যখন ইমাম খুৎবা দেয়ার জন্যে বের হয়ে আসেন তখন তাদের খাতা বন্ধ করে দেয়া হয় এবং তারা খুৎবা শুনতে থাকেন। অতএব, (সূর্য পশ্চিম দিগন্তে হেলে যাওয়ার পর) জুমু'আয় প্রথম আগমনকারী একটি উট সদাক্বাহকারীর ন্যায়, এরপর আগমনকারী একটি গরু সদাক্বাহকারীর মতো, এরপর আগমনকারী একটি ভেড়া সদাক্বাহকারীর ন্যায় সাওয়াব পাবে। এমনকি তিনি মুরগী এবং ডিমের কথাও উল্লেখ করেছেন।

## English

Coming To Jumu'ah Prayers Early

It was narrated from Abu Hurairah, who was attributing it to the Prophet (ﷺ): When Friday comes, at every gate of the masjid there are angels who write down the people's names in the order in which they come, then when the imam comes out, they roll up the scrolls and listen to the khutbah. The one who comes early to the prayer is like the one who sacrifices a camel, then the one who comes after him is like the one who sacrifices a cow, then the one who comes after him is like the one who sacrifices a ram until he mentioned a chicken and an egg.

### ফুটনোট

সহীহ: মুসলিম (২/৫৮৭), ইবনু মাজাহ ১০৯২, মুসনাদে হুমায়দী ৯৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন